

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১০৬

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/২. পার্থিব চিন্তা

بَابِ الْهُمِّ بِالدُّنْيَا

### আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، وَالْحُسَيْنُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، قَالاَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، عَنْ مُعَاوِيَةَ النَّصْرِيِّ، عَنْ نَهْشَل، عَنِ الضَّحَّاك، عَنِ الأَسْوَدِ بْنِ يَزِيدَ، قَالَ قَالَ عَبْدُ اللَّهِ مُعَاوِيَةَ النَّصْرِيِّ، عَنْ نَهْشَل، عَنِ الضَّحَّاك، عَنِ الأَسْوَدِ بْنِ يَزِيدَ، قَالَ قَالَ عَبْدُ اللَّهِ سَمَعْتُ نَبِيَّكُمْ، - صلى الله عليه وسلم - يَقُولُ " مَنْ جَعَلَ الْهُمُومَ هَمَّا وَاحِدًا هَمَّ الْمَعَادِ كَفَاهُ اللَّهُ هَمَّ دُنْيَاهُ وَمَنْ تَشَعَّبَتْ بِهِ الْهُمُومُ فِي أَحْوَالِ الدُّنْيَا لَمْ يُبَالِ اللَّهُ فِي أَيِّ أَوْدِيَتِهِ كَفَاهُ اللَّهُ هَمَّ دُنْيَاهُ وَمَنْ تَشَعَّبَتْ بِهِ الْهُمُومُ فِي أَحْوَالِ الدُّنْيَا لَمْ يُبَالِ اللَّهُ فِي أَيِّ أَوْدِيَتِهِ هَلَكَ " .

#### বাংলা

২/৪১০৬। আসওয়াদ ইবনে ইয়াযীদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আবদুল্লাহ (রাঃ) বলেছেন, আমি তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ যার চিন্তার কেন্দ্রবিন্দু হবে আখেরাত, তার পার্থিব চিন্তার জন্য আল্লাহই যথেষ্ট হয়ে যান। আর যে ব্যক্তি দুনিয়ার চিন্তায় মোহগ্রন্ত থাকে তার যে কোন উপত্যকায় বা প্রান্তরে ধ্বংস হয়ে যাওয়াতে আল্লাহর কোন পরোয়া নাই।

## **English**

#### 'Abdullah said:

"I heard your Prophet () say: 'Whoever focuses all his concerns on one thing, the Hereafter, Allah will relieve him of worldly concerns, but whoever has disparate concerns scattered among a number of worldly issues, Allah will not care in which of its valleys he died.'"

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। আত-তালীকুর রাগীব ৪/৮৩, মিশকাত ২৬৩। তাহকীক



আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী নাহশাল (বিন সাইদ বিন ওয়ারদান) সম্পর্কে আবুল ফারাজ ইবনুল জাওয়ী বলেন, তার ব্যাপারে হাদিস চুরি করে শ্রবন করার অভিযোগ রয়েছে। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য, হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি দুর্বল। আবু সাইদ বিন আমর বলেন, দাহহাক কর্তৃক জাল হাদিস বর্ণিত হয়েছে। ইসহাক বিন রাহওয়াহ বলেন, তার ব্যাপারে মিথ্যার অভিযোগ রয়েছে। ইবনু হাজার আল-আসকালানী ও আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। ইমাম দারাকুতনী বলেন, তিনি দুর্বল। সুলায়মান বিন দাউদ আত-তায়ালাসী তাকে মিথ্যুক বলেছেন। ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তিনি খুবই দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৪৮৩, ৩০/৩১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন